দৈনিক
ইত্তেফাক

তারিখ ০৯ AUG 2015
পৃষ্ঠা ২ কলাম ৩

# ক্যারি অন পদ্ধতি এক বছরের জন্য বহাল

## মন্ত্রীর সাথে মেডিক্যাল কাউন্সিলের সিদ্ধান্ত

■ ইত্তেফাক রিপোর্ট ঃ

মেডিক্যাল শিক্ষার্থীদের আন্দোলনের মুখে এক বছরের জন্য 'ক্যারি অন' পদ্ধতি বহাল করল সরকার। গতকাল শনিবার সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের সঙ্গে বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের মতবিনিময় সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী, ২০১২ সনের এমবিবিএস শিক্ষার্থীদের মধ্যে গত মে মাসে প্রথম পেশাগত পরীক্ষায় যারা অকৃতকার্য হয়েছে তারা মূল ব্যাচের সঙ্গে ক্লাস করতে পারবে। আগামী নভেম্বরে অনুষ্ঠিত প্রথম পেশাগত পরীক্ষায় অকৃতকার্য বিষয়গুলোতে পাস করলে তারা ২০১৬-এর মে মাসের দ্বিতীয় পেশাগত পরীক্ষায় নিয়মিত ব্যাচের সাথে অংশ নেয়ার অনুমতি পাবে। বৈঠকে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম শিক্ষার্থীদের অবিলম্বে ক্লাসে ফেরার আহবান জানান। তিনি বলেন, সরকারের এ সিদ্ধান্তের প্রতি সম্মান দেখিয়ে শিক্ষার্থীরা অবিলম্বে ক্লাসে ফিরে যাবে বলে আশা করি। মন্ত্রী বলেন, মেডিক্যাল শিক্ষার মান আধুনিকায়ন ও উন্নয়নে কারিকুলাম পরিবর্তন করা হয়েছে। এ নিয়ে কিছুদিন ধরে বিভিন্ন মহলে আলোচনা-সমালোচনা হচ্ছে। অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। সার্বিক দিক বিবেচনা করে সরকার এ সিদ্ধান্ত নিয়েছে। বৈঠকে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. দীন মো. নূরুল হক, বিএমডিসির সভাপতি অধ্যাপক ডা. আবু শফি আহমেদ আমিন, বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের মহাসচিব অধ্যাপক ডা. ইকবাল আর্সলান, বাংলাদেশ আওয়ামী লীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক বদিউজ্জামান ভূঁইয়া ডাবলু, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ প্রমুখ।